৪০

দৈনিক সংবাদ

তারিখ ...JAN. 1 4 1999

পৃষ্ঠা ৪ কলাম ৩...

## শিক্ষা উন্নয়ন লটারি চালুর আবেদন

সরকার অনুমোদিত বাংলাদেশে ৩টি সংস্থার লটারি বর্তমানে বাজারজাত চলছে। ৩টি লটারি হলো রেড ক্রিসেন্ট সোসাইটি আর্তমানবতার সেবায় বন্যাদুর্গত মানুষের সাহায্যার্থে। অপরটি হলো ডাইবেটিকস হাসপাতালের লটারির পরিবর্তে হৃদ রোগের হাসপাতাল অর্থাৎ হার্ড ফাউন্ডেশনের হাসপাতালের সাহায্যে। পূর্বে বাংলাদেশে হৃদ রোগীর কোন হাসপাতাল ছিল না। আইজিপি (অবঃ) ই,এ চৌধুরী ও ব্রিগেডিয়ার (অবঃ) আবদুল মালেক এই দু মহৎ ব্যক্তির উদ্যোগে গড়ে উঠেছে ঢাকার মিরপুরে বিরাট হৃদরোগ হাসপাতাল। ৩টি পর্বে সরকার অনুমোদিত ব্যয়ে আজ তাদের সাফল্য। সাহায্য পাচ্ছে হাজার হাজার গরিব লোক। অন্যটি হচ্ছে খেলাধুলার মান উন্নয়নে জাতীয় ক্রীড়া পরিষদ লটারি। সর্বমোট ১১টি পর্বে তাদের বাজারজাত টিকেট ভাল সাফল্য অর্জন করেছে। খেরা-ধুলার মান উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন বিভাগীয় শহরে নির্মাণ করা হয়েছে স্টেডিয়ামের দর্শক গেলারি। রেডিও-টিভিতে প্রচারের মাধ্যমে শিক্ষার মান উন্নয়ন সম্ভব নয়। কেননা দেশের অধিকাংশ গরিব পরিবার, খেটে খাওয়া মানুষ। তাদের ইচ্ছা আছে, তবে সেই সামর্থ্য নেই তাদের সন্তানদের লেখাপড়া শিখিয়ে উচ্চ শিক্ষিত করার। সরকার রেড ক্রিসেন্ট, হার্ড ফাউন্ডেশন এবং ক্রীড়া উন্নয়ন পরিষদের তহবিলের মত দেশের শিক্ষা ব্যবস্থা জোরদার করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে শিক্ষা উন্নয়ন লটারি চালু করলে দেশের শিক্ষার মান বিকশিত হতো, শিক্ষা ক্রমশ বাড়তো এবং ঐ টাকা ব্যয় হতো গরিব ছাত্রছাত্রীদের শিক্ষার খাতে। নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্তি পেতো দেশের মানুষ। দেশ হতো নিরক্ষর মুক্ত, পূরণ হতো কোটি গরিব মা-বাবার আশা-আকাঙ্ক্ষা দেশে শিক্ষার ব্যাপক প্রসার ঘটাতে 'শিক্ষা উন্নয়ন লটারি' চালুর ব্যাপারে সরকারসহ সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণা-লয়ের এগিয়ে আশা প্রয়োজন।

দারা মিয়া
সাহেদ এন্টারপ্রাইজ
২/৬ কুঠিভবন (নিচতলা)
বন্দরবাজার, সিলেট-৩১০০